

ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।
=====

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৩০-৪-৯৭ ইং তারিখের বিশেষ সভার কার্যবিবরণী।
=====

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিশেষ সভা ৩০-৪-৯৭ ইং বেলা ১১-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। বোর্ডের প্রেসিডেন্ট কর্নেল আব্দুস সালাম চৌধুরী এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল বিঘ্নরূপে :-

- | | | | |
|----|--|--------------|-------------|
| ১। | প্রিগেজিয়ার আহমেদ আলী
এস ই এম ও
ও
অধিনায়ক
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনাবিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| ২। | ক্যাপ্টেন শহীদুল্লাহ খান (জি) (সিডি), পিএসসি,
অধিনায়ক
বি এন এস হাজী মহসিন
ঢাকা সেনাবিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৩। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ নওশাদুল হক
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমান বাহিনী পাঁচি বাগার
ঢাকা সেনাবিবাস। | - সদস্য | - অনুপস্থিত |
| ৪। | লেঃ কর্নেল মোঃ মহিদুর রহমান, পিএসসি,
সি এম ই এস (আর্সি)
ঢাকা সেনাবিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৫। | জনাব মোঃ আজিজ খান
১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা
ঢাকা সেনাবিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৬। | ক্লাঃ লেঃ এ বি এম এ রশিদ (অবঃ)
৩২, ডি ও এইচ এস বনাবী
ঢাকা সেনাবিবাস। | - সদস্য | - উপস্থিত |
| ৭। | জনাব মোঃ হকরামুল হক
প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট
জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - সদস্য | - অনুপস্থিত |
| ৮। | জনাব মোঃ আব্দুল হক
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট। | - সেক্রেটারী | - উপস্থিত |

উপস্থিত সম্মিলিত সদস্যবর্গকে সুাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর বিস্তারিত আলোচনায় বিঘ্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

প্রসূতি নং-১ঃ ঢাকা সেনাবিবাসস্থ শহীদ সরণীর প্রয়োজনীয় মেরামতসহ কার্পেটিং কাজ সম্পাদনের বিষয়ে
আলোচনা ও সিদ্ধান্ত গৃহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা সেনাবিবাসস্থ শহীদ সরণী সড়কটির প্রয়োজনীয় কার্পেটিংয়ের কাজ সম্পন্নার্থে সভায়
বিষদ আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনাকালে সি হ ও কর্তৃক বিয়োক্ত তথ্যাদি সভায় উপস্থিত
সকল সম্মিলিত সদস্যদের স্তোভার্থে পেশ করা হয় :-


বিগত ২০-৭-৯৪ ইং তারিখে ঢাকাবো/পিডব্লিউডি/১৮-বি/১০/২৭ নং পত্রের মাধ্যমে ঢাকা সেনানিবাসের ৫*৫৯ কিঃমিঃ দীর্ঘ শহীদ সরণী সড়কটি সিগন্যাল গেইট হইতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত এসফল্ট প্রসারিত করা প্রয়োজনীয় মেয়াদসহ ৩৮ মিঃমিঃ পুরন্ব বিটুমিনাস কার্পেটিং করিতে কত টাকা ব্যয় হইবে উহা ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে জানানোর জন্য ঢাকা সিটি কর্পোরেশনকে অনুরোধ করা হয়। উক্ত প্রেক্ষিতে ঢাকা সিটি কর্পোরেশন বিগত ০৬-৯-৯৪ ইং তারিখের তাহাদের প্রঃবিঃ(যা-২) ৩২ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট কাজের জন্য ১,৬৩,৮৮,০২০/- টাকা ব্যয় হইবে মর্মে অএ দপ্তরকে অবহিত করা হয়। পরবর্তীতে সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর বিগত ২৯-৬-৯৫ ইং তারিখের ৭/এমএলএক্স সি/ঢাকা/৪৮-এ-৮/শা-৮/৭ নং পত্রের মাধ্যমে ঢাকা সিটি কর্পোরেশন কর্তৃক প্রেরিত সংশ্লিষ্ট কাজের জন্য ১,৬৩,৮৮,০২০/- টাকার মূল্যানুমান অনুমোদন করেন এবং উক্ত কাজের জন্য ৬০,০০,০০০/- টাকার অনুদান বরাদ্দ করেন। কিন্তু মূল্যানুমানের সমস্ত টাকা অনুদান হিসাবে না পাওয়ার কারণে ঢাকা সিটি কর্পোরেশনের সহিত কোন চুক্তিপত্র সম্পাদন করা সম্ভব হইল না। বিষয়টি তৎকালীন ডি এম এল এক্স সি কর্তৃক আলোচনার মাধ্যমে তৎকালীন সেনাপ্রধানের গোচরীভূত করিলে সেনাপ্রধান সংশ্লিষ্ট সড়কটির মেয়াদসহ কার্পেটিংয়ের কাজটি সড়ক ও জনপথ অধিদপ্তরের মাধ্যমে সম্পাদন করার জন্য ৩১-১০-৯৫ ইং তারিখের সেনাসদর, সেনাবাহিনী প্রধানের সচিবালয়ের ৩৯১৮/৩১/এমকিউ-৩ নং পত্রের মাধ্যমে যোগাযোগ মন্ত্রনালয়কে অনুরোধ জানান। কিন্তু যোগাযোগ মন্ত্রনালয় কর্তৃক অর্থাভাবে সংশ্লিষ্ট প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হইল না।

উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে বিগত ০৫-১১-৯৬ ইং তারিখের ঢাকাবো/পিডব্লিউডি/১৮-বি/১০/৮৩ নং পত্রের মাধ্যমে ঢাকা সিটি কর্পোরেশনকে সংশ্লিষ্ট রাস্তার প্রয়োজনীয় মেয়াদসহ কার্পেটিং কাজ করার জন্য অনুরোধ জানানো হইলে সিটি কর্পোরেশনের প্রকৌশলী ও ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলীরা মৌখিকভাবে সংশ্লিষ্ট সড়কটি সরেজমিনে পরিদর্শন করিয়া ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক উক্ত কাজের জন্য প্রাপ্য অনুদান ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকার বিবেচনায় সড়কটি আংশিক অর্থাৎ শহীদ বাজার রোড হইতে কচুক্ষেত-বনানী সংযোগ সড়ক পর্যন্ত ১,১০,৬৮,৩৮৪/- (এক কোটি দশ লক্ষ আটশটি হাজার তিনশত চুরাশি) টাকার মূল্যানুমান পেশ করা হয়। উক্ত মূল্যানুমানটি ক্যান্টনমেন্ট বোর্ড সতায় অনুমোদনক্রমে সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে সিদ্ধান্তের জন্য প্রেরণ করা হয়। সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর সেনাসদর ই-ইন-সি র শাখার পরামর্শক্রমে বিগত ০২-৪-৯৭ ইং তারিখের ৭/এমএলএক্স সি/ঢাকা/৪৮-এ-৮/শা-৮/৪০ নং পত্রের মাধ্যমে ৩৮ মিঃমিঃ পুরন্ব কার্পেটিংয়ে কাজ সম্পাদনের জন্য ১,১০,৬৮,৩৮৪/- টাকার মূল্যানুমান অনুমোদন করেন। অতঃপর ঢাকা সিটি কর্পোরেশনের সঙ্গে যোগাযোগ করিলে বিগত ২৬-৪-৯৭ ইং তারিখের প্রঃবিঃ(যাঃ-২) ১৮৩ নং পত্রের মাধ্যমে ১,১০,৬৮,৩৮৪/- টাকা মেয়র, ঢাকা সিটি কর্পোরেশনের নিকট এসসি চেম্বেরের মাধ্যমে জমা করিয়া চুক্তিপত্রের আবিদ্য হওয়ার জন্য অনুরোধ জানান।


অপরদিকে ১৬-৪-৯৭ ইং তারিখে সড়ক ও জনপথ বিভাগ, ঢাকা সড়ক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আফজল হোসেন তাহার স্মারক নং-১৩৫০ এর মাধ্যমে ঢাকা সেনানিবাসস্থিত শহীদ সরণী সড়কটি মেয়াদসহ কার্পেটিংয়ের কাজটি সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক সম্পাদনের জন্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা নির্বাহী প্রকৌশলী (সওজ) সড়ক বিভাগ, ঢাকার অনুকূলে জমা করার নিমিত্তে অনুরোধ করেন। পরবর্তীতে ২৯-৪-৯৭ ইং তারিখে নির্বাহী প্রকৌশলী (সওজ) ঢাকা সড়ক বিভাগ জনাব আরিফুর রহমান তাহার স্মারক নং-২২০৮ এর মাধ্যমে সংশ্লিষ্ট সড়কটি সম্পূর্ণ অংশ অর্থাৎ ৫*৫৯ কিঃমিঃ দীর্ঘ সড়কটিতে ৫০ মিঃমিঃ পুরন্ব কার্পেটিং কাজ করার নিমিত্তে ক্যান্টনমেন্ট বোর্ড যে ১,০০,০০,০০০/- টাকা অনুদান হিসাবে বরাদ্দ পাইয়াছে, উহা অনতিবিলম্বে তাহার অনুকূলে এক্ষেত্রে বাজে-অর্ডারের মাধ্যমে জমা করার জন্য অনুরোধ করিয়াছেন। উপরোক্ত পত্রদ্বয় এবং উহার সহিত সংযোজিত কাগজপত্রাদি পর্যালোচনানুে দেখা যায় যে, সড়ক ও জনপথ বিভাগ মোট ২,১৯,০০,০০০/- (দুই কোটি উনিশ লক্ষ) টাকা ব্যয় করিয়া শহীদ সরণীর সম্পূর্ণ রাস্তাটি প্রয়োজনীয় মেয়াদ ও কার্পেটিং কাজ করিবে এবং ক্যান্টনমেন্ট বোর্ড হইতে প্রাপ্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা বাদ দিয়া অবশিষ্ট ১,১৯,০০,০০০/- (এক কোটি উনিশ লক্ষ) টাকা সড়ক ও জনপথ বিভাগ তাহাদের নিজস্ব হইল হইতে খরচ করিবে।

সভায় উপরোক্ত বিষয়াদি পর্যালোচনা করিয়া দেখা যায় যে, ঢাকা সেনাবিভাগে শহীদ সন্ন্যাসী সড়কটি সড়ক ও জনপথ বিভাগের মাধ্যমে প্রয়োজনীয় স্বেচ্ছাসেবক কার্কেটিং কাজ সম্পাদন করাই শ্রেয়। এমতাবস্থায় বর্তমান পরিস্থিতিতে সংশ্লিষ্ট প্রকল্পটি ঢাকা সিটি কর্পোরেশনের পরিবর্তে সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বাস্তবায়নের সিদ্ধান্তই সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনানুে সভার সমাপ্তি ঘোষণা করা হইল।


৩-১-১৯৭৭
(মোঃ আব্দুল হক)
ক্যান্টনমেন্ট এ কমিউনিটি অফিসার

ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।



(কর্নেল আব্দুল কলাম চৌধুরী)
প্রেসিডেন্ট
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।